

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯

তারিখঃ শ্রাবণ ২০, ১৪২৮
আগস্ট ০৪, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত
লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কাঙ্ক্ষিত মাত্রায় উন্নীতকরণ প্রসঙ্গে।

অত্র বিভাগ কর্তৃক জারিকৃত সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-২ এবং মে ০৭, ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনানুযায়ী ২০২৪ সাল অস্তে সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির নূন্যতম ১৫% (পনের শতাংশ) নারী উদ্যোক্তাদেরকে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়। একই সার্কুলারের ১১.২ নং অনুচ্ছেদ অনুযায়ী নারী উদ্যোক্তাগণকে “স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম” এর আওতায় অগ্রাধিকার ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। পরবর্তীতে, করোনা মহামারির কারণে নারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা সহজীকরণে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২/২০২০ এর ০২(খ) এর মাধ্যমে “স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম” এর আওতায় সুদ/মুনাফার হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ৩% (তিন শতাংশ) এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৭% (সাত শতাংশ) পুনঃনির্ধারণ করা হয়।

০৩। নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ২০২৪ সাল অস্তে ১৫% এ উন্নীত করার লক্ষ্যে “স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম” বাস্তবায়নে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে :

ক) শুধুমাত্র নারী উদ্যোক্তাগণকে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে এ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা; এবং

খ) এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়নের সুদ/মুনাফার হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৫% (পাঁচ শতাংশ) নির্ধারণ করা।

০৪। এতদ্ব্যতীত উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(হসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২